

বাড়লো সব জ্বালানি তেলের দাম - আজ থেকে কার্যকর

- A Monitor Desk Report

Date: 01 December, 2025



ঢাকাঃ দেশে ভোক্তা পর্যায়ে সব খরনের জ্বালানি তেলের দাম লিটারপ্রতি ২ টাকা করে বাড়িয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

বিশ্ববাজারে মূল্য ওঠানামার সঙ্গে সামঞ্জস্য রেখে সংশোধিত প্রাইসিং ফর্মুলা অনুযায়ী নতুন এই মূল্য সমন্বয় করা হয়েছে।

মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আরিফ সাদেক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সোমবার (১ ডিসেম্বর) থেকে নতুন দাম কার্যকর হচ্ছে।

নতুন দাম (লিটারপ্রতি)

ডিজেল: ১০২ টাকা □ ১০৪ টাকা, অকটেন: ১২২ টাকা □ ১২৪ টাকা, পেট্রোল: ১১৮ টাকা □ ১২০ টাকা, কেরোসিন: ১১৪ টাকা □ ১১৬ টাকা

রবিবার (৩০ নভেম্বর) প্রকাশিত বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বিশ্ববাজারে জ্বালানি তেলের দামের ওঠানামার সঙ্গে সামঞ্জস্য রেখে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রতি মাসে দেশের ভোক্তা পর্যায়ে নতুন মূল্য নির্ধারণ করা হচ্ছে। ডিসেম্বর মাসের জন্য সংশোধিত ফর্মুলা অনুযায়ী তুলনামূলক সাস্থ্যীয় মূল্যে জ্বালানি তেল সরবরাহ নিশ্চিত করতেই এ সমন্বয় করা হয়েছে।

সোমবার(১ ডিসেম্বর) থেকেই সারাদেশে নতুন দামে ডিজেল, অকটেন, পেট্রোল ও কেরোসিন পাওয়া যাবে।

-B